

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৮৪৯/৩৩০

তারিখ : ০৭-০৩-২০২৩ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল কালাম আজাদ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : বিগত ০৯-০১-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮১তম সভার ৮১(০২) নং আলোচ্যসূচির ১২ নং ক্রমিকের সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার সদর উপজেলাধীন বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল কালাম আজাদ-এর বিরুদ্ধে সভাপতি জনাব মোঃ গোলাম মোস্তফা শান্তি, বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়, বারাদী, মেহেরপুর সদর, মেহেরপুর কর্তৃক বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও একজন সহকারী শিক্ষিকার সাথে অনৈতিক কর্মকান্ড এবং প্রতিষ্ঠানের স্বার্থ পরিপন্থী কাজে লিপ্ত হওয়ার বিষয়ে আনীত অভিযোগগুলি যাচাই-বাছাই করে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

জেলা প্রশাসক
মেহেরপুর



(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৬২৭০৫


স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৮৪৯/৩৩০(১-৭)

তারিখ : ০৭-০৩-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৪। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়, বারাদী, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৫। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়, বারাদী, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৬। জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়, বারাদী, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৭। সংরক্ষণ নথি।


০৭/০৩/২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর


০৭/০৩/২৩

তাং- ২৯/১১/২০২২

বরাবর,
পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়ঃ বর্ষিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক মোঃ আবুল কালাম আজাদের স্থায়ী বহিষ্কার প্রসঙ্গে।

জনাব,

মুখাবিহীন সন্মান প্রদর্শন পূর্বক সর্বিনয় নিবেদন এই যে, মেহেরপুর জেলার সদর উপজেলাধীন বর্ষিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ই.আই.আই.এন নং-১১৮২৯০। অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবুল কালাম আজাদ এর বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও অত্র বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষিকার সাথে অনৈতিক কর্মকান্ড এবং প্রতিষ্ঠানের স্বার্থ পরিপন্থী কাজে লিপ্ত হওয়ার বিগত ০৪/১০/২০২২ ইং তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। বিভিন্ন সময়ে নানান অপকৌশলে অর্থ আত্মসাৎ করেন। প্রতিষ্ঠানের নিজস্ব আয় ভর্তি, সেশন চার্জ, মাসিক আয় থেকে ২০০৫ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত আনুমানিক ৪৯,২০,০০০ টাকা, বিদ্যালয়ের সরকারি টিউশন ফিস থেকে ২৮,০০,০০০ টাকা, শিক্ষক/কর্মচারীর এম.পি.ও ভুক্ত হওয়ার পর নিজ নিজ নামে বকেয়া বেতন (এরিয়া) সরকার বরাদ্দ করেন ২০,১৮,০০০ টাকা। বিভিন্ন অপকৌশলে শিক্ষক কর্মচারীর চেক স্বাক্ষর করে নিয়ে উক্ত টাকা নিজে আত্মসাৎ করেন। এস.এস.সি সনদ থেকে অতিরিক্ত অর্থ আদায় পূর্বক ২,০০,০০০ টাকা, এস.এস.সি ফরম পূরন বাবদ সরকারি ফিস ব্যতিত অতিরিক্ত ফিস আদায় পূর্বক ১০,০০,০০০ টাকা, শিক্ষক কর্মচারীর নিয়োগে প্রতারণা পূর্বক ৯০,০০,০০০ টাকা, শিক্ষক কর্মচারীর বেতন ধরানো বাবদ ১৯,০০,০০০ টাকা, প্রতিষ্ঠান এম.পি.ও ভুক্তকরণ বাবদ ১৫,০০,০০০ টাকা। সর্বমোট ২,৩৩,৩৮,০০০ (দুই কোটি তেরিশ লক্ষ আটত্রিশ হাজার) টাকা আত্মসাৎ করেন। বিভিন্ন জাতীয় ও স্থানীয় পত্রিকায় ১৩ বার দুর্নীতি ও নানান অপকর্মের সংবাদ প্রকাশিত হয়। প্রথম রাজধানী নিউজ পোর্টালসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে একজন শিক্ষিকার সাথে অনৈতিক কর্মকান্ডের ভিত্তি ও চিত্র প্রকাশিত হয়। এতে বিদ্যালয়ে ভাবমূর্তি প্রচলিতভাবে ক্ষুণ্ণ হয়েছে। সাময়িক বরখাস্ত হওয়ার পর মোঃ আবুল কালাম আজাদ ক্ষিপ্ত হয়ে শিক্ষক/কর্মচারী প্রাণনাশের হুমকি প্রদান করেছেন। আরো বলেন আমি বারাদী বাজারের আলাউদ্দীন (আলাই) হত্যা মামলার ১নং আসামী। প্রয়োজনে বিদ্যালয়ে বোম মেরে উড়িয়ে দিয়ে শিক্ষকদের হত্যা করব। এমতাবস্থায় মেহেরপুর সদর থানায় দুইটি সাধারণ ডায়েরি করা হয়। যার জিডি নং- ২৪৬ ও ১১৬। তার অর্থ আত্মসাৎকারী, দুর্নীতিবাজ, নারী কেসেকার সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষকে স্থায়ী বহিষ্কারের একান্ত প্রয়োজন। সেই কারণে কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে তাকে স্থায়ীভাবে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতএব, জনাব মেহেরবানী করে দুর্নীতিবাজ প্রধান শিক্ষককে স্থায়ী বহিষ্কার করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক


২৯/১১/২২
মোঃ গোলাম মোস্তফিজ শাহী
সভাপতি
বর্ষিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়
যশোর, মেহেরপুর
মোবাইল: ০১৭২৫-৭০২১৪৯

নেট সংযুক্তি নং: ৭১ পাতা।